



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১২- ৩৩১০

তারিখঃ ১০/১২/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ওয়ার্কশপে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) (২য় পর্যায়) এর ওয়ার্কশপ আগামী ১১/১২/২০১৫ তারিখ শুক্রবার সকাল ১১:০০ ঘটিকায় যশোর প্রেসক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উক্ত ওয়ার্কশপে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব আনন্দ চন্দ্র বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। অনুষ্ঠানে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ রাশেদুল আলম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। উক্ত অনুষ্ঠানে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা ও মতবিনিময় করা হবে।

এমতাবস্থায়, প্রকল্প কার্যক্রমের হালনাগাদ অগ্রগতি প্রতিবেদনসহ যশোর, বিনাইদহ, নড়াইল, মাগুরা, মেহেরপুর ও চুয়াডাঙ্গা জেলার প্রকল্পভুক্ত উপজেলার সকল সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো) কে যথাসময়ে উক্ত ওয়ার্কশপে উপস্থিত থাকতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
উপজেলাঃ -----,
জেলাঃ-----।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. প্রকল্প পরিচালক, পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) (২য় পর্যায়), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
৩. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো), উপজেলা.....জেলা.....।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি।